

মধ্যাংশ পর্বদা হাতমধ্যে পর্বদা মধ্যাংশ ও মধ্যাংশ পর্বদা পর্বদা
কর্তৃপক্ষ কয়েকজন মাস্টার ট্রেনার তৈরি করেছেন। এব্যাপারে রাষ্ট্রীয় মাধ্যমিক পাবনা শিবিরে এই বিষয়গুলি তুলে ধরা হচ্ছে। এতে কুলে ইংরেজি ভাষার

ছাড়া
হচ্ছে

ভাঙন রোধে ১০০ দিনের প্রকল্পে ঘাস লাগিয়ে পুরস্কার পাচ্ছে নদীয়া

বিএনএ, কৃষ্ণনগর: নদীর ভাঙন রোধে ১০০ দিনের প্রকল্পে ভেটিভার ঘাস লাগিয়ে রাজ্য সরকারের পুরস্কার ছিনিয়ে নিল নদীয়া জেলা প্রশাসন। সবুজায়ন প্রকল্পকে 'অভিনব উদ্যোগ' হিসাবে চিহ্নিত করে নদীয়া জেলা প্রশাসনকে পুরস্কৃত করা হচ্ছে। যার আর্থিক মূল্য ১৫ লক্ষ টাকা। আগামী শুক্রবার নেতাজি ইন্ডোর স্টেডিয়ামে ওই পুরস্কার তুলে দেবেন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। নদীয়ার পাশাপাশি সামগ্রিক কাজের জন্য কোচবিহার ও হুগলি জেলাও পুরস্কৃত হচ্ছে।

ভাগীরথী নদীর ভাঙন রোধে নদীয়া জেলা প্রশাসন ১০০ দিনের কাজে ভেটিভার ঘাস লাগানোর প্রকল্প হাতে নেয়। যার নাম দেওয়া হয়েছে 'সবুজায়ন'। ২০১৫ সালের ২৩ নভেম্বর তেহেটে এসে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ওই প্রকল্পের সূচনা করেন। ওই বছরের ডিসেম্বর মাসেই তামিলনাড়ু থেকে ভেটিভার ঘাসের ১২ লক্ষ চারা এনে নার্সারি করা হয়। ওই নার্সারি থেকে এখনও পর্যন্ত সাড়ে তিন কোটি চারা হয়েছে। নার্সারি করা হয়েছে ৭৭টি। ভাগীরথী নদীর ভাঙনপ্রবণ এলাকার পাড়ে এখনও পর্যন্ত ১৩৬ কিলোমিটার ভেটিভার ঘাস লাগানো হয়েছে। জেলায় ভাগীরথী, জলঙ্গি, ইছামতী, চূর্ণি নদীর পাড়ে মোট ৭৪৩

কিলোমিটার ভেটিভার ঘাস লাগানোর লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। প্রকল্পের কাজ করছেন ৫০০টি স্বনির্ভর গোষ্ঠীর সদস্যরা। ১০০দিনের প্রকল্পে স্বনির্ভর গোষ্ঠীর সদস্যরা ভেটিভার লাগিয়ে মজুরিও পাচ্ছেন।

এই প্রকল্পে 'জীবিকাসাথি' নামে একটি নতুন প্রকল্পও শুরু করেছে নদীয়া জেলা প্রশাসন। ভেটিভার ঘাস থেকে নানান প্রকার হস্তশিল্প তৈরি করে মহিলারা স্বনির্ভর হবেন। জেলার ছয় কর্মীকে পাঠানো হবে পশ্চিমবঙ্গের তঁরা ভেটিভারের উপরের অংশ ব্যবহার করে আসবাবপত্র তৈরির প্রশিক্ষণ নেবেন। জেলায় ফিরে এসে তঁরা স্বনির্ভর গোষ্ঠীর মহিলাদের প্রশিক্ষণ দেবেন।

সবুজায়ন প্রকল্পটিকে 'অভিনব উদ্যোগ' হিসাবে চিহ্নিত করে রাজ্য সরকার পুরস্কৃত করছে। নদীয়ার ১০০ দিনের কাজের প্রকল্প আধিকারিক বাবুলাল মাহাত বলেন, এখনও পর্যন্ত ১৩৬ কিলোমিটার এই ঘাস লাগানো হয়েছে। এই ঘাস থেকে মহিলারা মাদুর, টুপি বা অন্যান্য হস্তশিল্পকর্ম তৈরি করতে পারবেন। তা থেকে মহিলারা স্বনির্ভর হবেন।

জেলাশাসক সুমিত গুপ্তা বলেন, ভেটিভার ঘাস লাগিয়ে আমরা সফল হয়েছি। অভিনব এই উদ্যোগের জন্য রাজ্য সরকার আমাদের পুরস্কৃত করছে।

২৪-১৬

বর্তমান ২ বা মেসুরমা ২০১৭

